৯৯

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 10 AUG 1995 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

# মেধা তালিকায় ফিরে আসছে গ্রামের স্কুলগুলো

স্টাফ রিপোর্টার ॥ ক্যাডেট কলেজগুলোর দাপটে দীর্ঘদিন কোণঠাসা হয়ে থাকার পর মফস্বলের ভাল স্কুলগুলো আবার মেধা তালিকায় ফিরে আসতে শুরু করেছে। বুধবার প্রকাশিত কুমিল্লা এবং রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল বিশ্লেষণ করে দেখা যাচ্ছে, মেধা তালিকায় ক্যাডেট কলেজগুলোর একচেটিয়া আধিপত্যের অবসান ঘটেছে। (শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## মেধা তালিকায়

(প্রথম পাতার পর)

জেলা পর্যায়ের নামী সরকারী স্কুলগুলো ভাল ফল করেছে। মফস্বলের বা গ্রামের স্কুলের অনেক ছাত্রছাত্রীও মেধা তালিকায় স্থান করে নিয়েছে।

কুমিল্লা বোর্ডের বিজ্ঞান ও সমাজবিজ্ঞান গ্রুপের মেধা তালিকায় ৯১ জনের মধ্যে মাত্র ১৫ জন হচ্ছে ক্যাডেট কলেজের ছাত্র। কুমিল্লা বোর্ডের ৩টি ক্যাডেট কলেজের মধ্যে কুমিল্লা ক্যাডেট কলেজের একজন মেধা তালিকায় স্থান পায়নি। কুমিল্লা জেলা স্কুল এবং চট্টগ্রাম কলেজিয়েট স্কুল বেশ ভাল ফল করেছে। ফৌজদারহাট ক্যাডেট কলেজের ফল বেশ খারাপ। সমাজবিজ্ঞানের মেধা তালিকায় পরশুরাম, বেগমগঞ্জ, সেনবাগ, মতলব, দাগনভূঁঞা, কসবা, হাইমচর প্রভৃতি এলাকার স্কুলের ছাত্রছাত্রীও জায়গা করে নিয়েছে।

রাজশাহী বোর্ডেও দু'গ্রুপের মেধা তালিকায় জেলা পর্যায়ের সরকারী স্কুলগুলোরই প্রাধান্য। মেধা তালিকার ১০২ জনের মধ্যে ৩টি ক্যাডেট কলেজের (রংপুর ক্যাডেট কলেজ, রাজশাহী ক্যাডেট কলেজ, পাবনা ক্যাডেট কলেজ) ১৬ জন স্থান পেয়েছে। সবচেয়ে ভাল করেছে রাজশাহী গভঃ ল্যাবরেটরী। এর পরেই রয়েছে রাজশাহী গভঃ পিএন গার্লস স্কুল এবং দিনাজপুর জেলা স্কুল।

বিজ্ঞানে মেধার লড়াইয়ে মেয়েরা ছেলেদের তুলনায় পিছিয়ে আছে। কুমিল্লা বোর্ডের বিজ্ঞানের মেধা তালিকায় ৪৭ জনের মধ্যে মাত্র ৬ জন মেয়ে। রাজশাহী বোর্ডেও বিজ্ঞানে ৭২ জনের মধ্যে ১৭ জন মেয়ে। তবে সমাজবিজ্ঞানে মেয়েরা একটু এগিয়ে আছে। কুমিল্লা বোর্ডে সমাজবিজ্ঞানের মেধা তালিকার প্রথম ৩টি স্থানই মেয়েরা দখল করে নিয়েছে। মেধা তালিকার মোট ৪৪ জনের মধ্যে ১৭ জন মেয়ে। রাজশাহী বোর্ডে সমাজবিজ্ঞানের মেধা তালিকার ৩০ জনের ১৪ জন হচ্ছে মেয়ে।